



১৯ মে, ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

## ক্লাসে উপস্থিত না হয়ে পরীক্ষায় অংশগ্রহণের বিষয়ে কঠোর হচ্ছে জাতীয় বিশ্ববিদ্যালয়

-উপাচার্য ড. মশিউর রহমান

ক্লাসে উপস্থিত না হয়ে পরীক্ষায় অংশগ্রহণ এবং উত্তীর্ণ হওয়ার বিষয়ে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে যাচ্ছে জাতীয় বিশ্ববিদ্যালয়। ১৯ মে ২০২৪ তারিখ রবিবার গাজীপুরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে সিনেট হলে অনার্স ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম-২০২৪ এ প্রধান অতিথির বক্তব্যে এই হুঁশিয়ারী বার্তা প্রদান করেন উপাচার্য ড. মশিউর রহমান।

শিক্ষার্থীদের নিয়মিত ক্লাসে উপস্থিত থাকার আহ্বান জানিয়ে উপাচার্য ড. মশিউর রহমান বলেন, শুধু কাগজে সনদ অর্জন নয়, নিয়মিত ক্লাস-পরীক্ষায় অংশগ্রহণ করে যথার্থ জ্ঞান অর্জন করে একজন শিক্ষার্থীকে পড়াশোনা শেষ করতে হবে। অন্যথায় কাগজের সনদ অর্জন করে কোনো লাভ হবে না। বর্তমানে প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকতে হলে দক্ষতা অর্জনের বিকল্প কোনো পথ নেই।

শিক্ষার্থীদের উদ্দেশে উপাচার্য ড. মশিউর রহমান আরও বলেন, কলেজ ক্যাম্পাসে তোমরা যারা নবীন শিক্ষার্থী এসেছ এটি তোমাদের জীবনের শ্রেষ্ঠ সময়। কোনো রকম দুর্বলতা না রেখে পথ চলাতে হবে। দুর্বলতা রেখে পথ চলা সমীচীন নয়। তোমরা যারা এই বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছ তোমরা কখনো হীনমন্যতায় ভুগবে না। কারণ এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা পৃথিবীর শ্রেষ্ঠ বিদ্যাপীঠে পড়াশোনা করছে। বাংলাদেশেও তারা উদ্যোক্তা, পেশাজীবী, শিল্প-সাহিত্য ও সংস্কৃতিতে সাফল্যের স্বাক্ষর রেখে চলেছেন। মানচিত্রসম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাই মধ্যবিত্ত শ্রেণির আদলে বাংলাদেশের সংস্কৃতি গঠনে ভূমিকা রাখছে।

শিক্ষার্থীদের ভীষণ আত্মবিশ্বাসী হওয়ার আহ্বান জানিয়ে উপাচার্য বলেন, তোমরা পথ চলায় হতাশ হবে না। আত্মবিশ্বাস নিয়ে সামনে এগিয়ে যেতে হবে। কলেজ ক্যাম্পাসে তোমার সিনিয়র বড় ভাইদের সঙ্গে সুসম্পর্ক রেখে শিক্ষকদের নির্দেশনা আত্মস্থ করে চলবে। নিয়মিত পাঠ গ্রহণ এবং শিক্ষকদের ঘনিষ্ঠ সাহচর্যে আসলে তুমি নিশ্চয়ই সফল হবে- এ আমার দৃঢ় বিশ্বাস। আমরা চাইব তোমাদের জন্য ডিজিটাল একসেস নিশ্চিত করতে যাতে তোমরা সহজে লার্নিং ম্যাটেরিয়াল পেতে পার। এজন্য আমরা লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম (এলএমএস) চালু করতে যাচ্ছি। যাতে তোমরা হাতের মুঠোয় ই-বুক, ই-জার্নাল, ই-পেপার একসেস নিশ্চিত করতে পার। স্মার্ট বাংলাদেশকে কাজে লাগিয়ে বিশ্বায়নে নিজের সরব উপস্থিতি নিশ্চিত করতে হবে। তথ্য-প্রযুক্তিকে কাজে লাগিয়ে সারা পৃথিবীর বাসিন্দা হিসেবে নিজেকে প্রস্তুত রাখতে হবে।



জাতীয় বিশ্ববিদ্যালয়  
গাজীপুর, বাংলাদেশ  
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়  
জনসংযোগ দপ্তর  
ফোন : ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০  
mail: [nupr1992@gmail.com](mailto:nupr1992@gmail.com)

সময় নষ্ট না করে শিক্ষার্থীদের নিয়মিত অধ্যয়নের আহ্বান জানিয়ে বিশিষ্ট এই সমাজচিন্তক বলেন, নবীন শিক্ষার্থীরা তোমরা নিয়মিত পড়াশোনা করলে সফল হবেই। এ ব্যাপারে আমাদের কোনো দ্বিধা নেই। নিজের প্রতি আস্থা রাখতে হবে। মানসিক স্বাস্থ্যের প্রতিও যত্নবান হবে। তোমাদের মানসিক স্বাস্থ্য বিকাশের জন্য যা যা করার তাই করা হবে। কখনোই ভাববে না তোমাদের পাশে কোনো অভিভাবক নেই। তোমাদের পাশে শিক্ষক, অভিভাবকরা সবাই আছেন। সর্বোপরি বলি আমাদের নেতৃত্ব দিচ্ছেন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা। মনে রাখবে আত্মমর্যাদার বাংলাদেশ আমরা সেই পর্যায়ে নিয়ে যেতে চাই যেখানে দাঁড়িয়ে আমরা দৃঢ়তার সাথে বলতে পারব নতুন পৃথিবীর নেতৃত্ব দেবে বাংলাদেশ। নতুন পৃথিবীর নেতৃত্ব দেবে তরুণরা। নতুন পৃথিবী কেমন হবে সেটি নির্ণায়ক হবে তোমরাই।

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুলের ডিন প্রফেসর ড. মো. নাসির উদ্দিনের সভাপতিত্বে ওরিয়েন্টেশন প্রোগ্রামে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক আবদুস সালাম হাওলাদার, রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেনসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের বিভাগীয় প্রধান, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীরা। এছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কলেজের অধ্যক্ষবৃন্দ এবং শিক্ষার্থীরা এই ওরিয়েন্টেশন প্রোগ্রামে অনলাইন প্ল্যাটফর্ম জুম অ্যাপে সংযুক্ত ছিলেন। অনুষ্ঠানে বিশিষ্ট ব্যক্তিদের অনুপ্রেরণামূলক বক্তব্য সম্বলিত একটি ডকুমেন্টারি প্রদর্শন করা হয়।

(মো. আতাউর রহমান)  
পরিচালক  
জনসংযোগ দপ্তর  
জাতীয় বিশ্ববিদ্যালয়